



আমাদের ভাষ্য এবং অনুবাদ পরিষেবা থেকে গ্রাহকরা কী প্রত্যাশা করতে পারেন

ভাষ্য এবং অনুবাদ

যে সব পরিষদগুলি উষ্টাশায়ার -এর মধ্যে পরিষেবা প্রদান করে প্রত্যেক গ্রাহক যাতে তথ্য জানতে পারে এবং তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলি পেতে পারে তারা তা নিশ্চিত করতে চায়।

যে সব মানুষদের শারীরিক, সংজ্ঞাবহ এবং শিক্ষাগত অক্ষমতা আছে এবং যাদের মাতৃভাষা ইংরেজি নয় তাদের আমাদের সাথে যোগাযোগ করতে পারা উচিত তাদের জন্য উপযুক্ত উপায়ে। এই সুবিধা নিশ্চিত করার জন্য আমরা যতখানি সম্ভব তা সহজ করার চেষ্টা করি।

বিশেষ পরিস্থিতি ছাড়া আমরা কোন ভাষায় দলিলের অনুবাদ করি না। বিশেষ দলিল বুঝতে সাহায্য লাগলে, আমরা আপনাকে সাহায্য করার জন্য একজন দোভাষীর ব্যবস্থা করতে পারি।

ইনডাকশন লুপ

আমাদের সমস্ত উষ্টাশায়ার হাব কাস্টমার সার্ভিস সেন্টারস -এ এবং কাউন্সিল হল -এর কাউন্সিল চেম্বার -এ ইন্ডাকশন লুপ লাগানো আছে। আপনি যে বৈঠকে থাকছেন সেখানে যদি আপনার একটি ইনডাকশন লুপের দরকার হয় তাহলে অনুগ্রহ করে অনুষ্ঠানের সংগঠকদের সাথে যোগাযোগ করুন।

ঈঙ্গিত ভাষা

উষ্টাশায়ার -এর সমস্ত পরিষদ জনসমাবেশে এবং গ্রাহকদের সাথে বৈঠকে অনুরোধ করলে ঈঙ্গিত ভাষায় তর্জমা প্রদান করবে।

আপনি যদি ইংরেজি আপনার প্রথম ভাষা হিসাবে না বলেন

আমরা আপনার ভাষায় আপনার প্রয়োজনীয় তথ্য পেতে আপনাকে সাহায্য করতে পারি। আপনি, অথবা আপনার হয়ে অন্য কেউ একজন যদি আমাদের ফোন করেন তাহলে আমরা একজন দোভাষীর ব্যবস্থা করতে পারি হয় টেলিফোনের মাধ্যমে কথাবার্তা বলার জন্য অথবা সামনাসামনি বৈঠকে উপস্থিত থাকার জন্য।

আমরা যে দোভাষীদের ব্যবহার করি তাদের মধ্যে অধিকাংশের রাষ্ট্রিয়ভাবে স্বীকৃত যোগ্যতা থাকবে এবং আপনি আমাদের যা কিছু বলবেন তা যাতে সম্পূর্ণ গোপণ থাকে আমরা তা নিশ্চিত করব। যদি সম্পূর্ণ গোপনীয়তা সম্ভব না হয়, আমরা সেইসময় আপনাকে তা জানাবো, এবং কেন সম্ভব না তার কারণগুলির ব্যাখ্যা করব।

আমাদের সাথে কীভাবে যোগাযোগ করতে হয় ?

আপনি যদি বড় ছাপার অক্ষরে অথবা অডিও টেপে তথ্য চান, অথবা আপনার নিজের ভাষায় একটি দলিল বা তথ্য বুঝতে চান তাহলে অনুগ্রহ করে 01905 765765 নম্বরে উষ্টাশায়ার হাব -কে টেলিফোন করুন।

সচরাচর যে প্রশ্নগুলি করা হয়

আমকে কী ভাষ্য বা অনুবাদের জন্য টাকা দিতে হবে? আমরা আপনার জন্য ভাষ্য পরিষেবা প্রদান করি। অনুবাদের দাম নির্ভর করে আপনি যে অনুবাদ চেয়েছেন তার উপর, তবে সাধারণত আমরা অনুবাদের জন্য টাকা নিই না।

আমার জন্য কত তাড়াতাড়ি আপনি একজন দোভাষীর ব্যবস্থা করতে পারেন? যে সময়টি সবার জন্য উপযুক্ত সেই সময়ের জন্য আমরা একজন দোভাষীর ব্যবস্থা করব। এর ব্যবস্থা যত তাড়াতাড়ি সম্ভব করা হবে এবং আপৎকালীন অবস্থায় অফিস সময়ের বাইরেও এই ব্যবস্থা করা হবে।

আমি যার অনুবাদের অনুরোধ করেছি তা পেতে আমার কত সময় লাগবে? সেটা নির্ভর করে আপনি যে দলিলটির অনুবাদ চেয়েছেন তার ওপর তবে যত তাড়াতাড়ি সম্ভব আমরা সেটি দেওয়ার চেষ্টা করব।

পরিষদের কর্মীরা যখন আমার সাথে বাড়িতে দেখা করতে আসেন তার জন্য আপনি কী আমার বাড়িতে একজন দোভাষী পাঠানোর ব্যবস্থা করতে পারেন? পরিষদের কর্মীরা দেখা করার সময় আপনার সাহায্য লাগলে, আমাদের সাথে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করার সময়ে আমাদের তা জানালে আমরা একজন দোভাষীর উপস্থিত থাকা নিশ্চিত করব।

কোথায় আমি ইংরেজি শিখতে পারি? কাউন্টির সর্বত্র ইংরেজি (ESOL) ক্লাস আছে। আপনি 01905 728887 নম্বরে কাউন্টি কাউন্সিল অ্যাডাল্ট লার্নিং পরিষেবাকে ফোন করতে পারেন অথবা আরো তথ্যের জন্য সরাসরি আপনার স্থানীয় কলেজের সাথে যোগাযোগ করতে পারেন।